



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd



স্মারক নং-৩৭.০২.০০০০.১০৫.৩১.৪২.২০২০/ ৭৬৭/৩

তারিখ: ০৪/০৪/২০২১ খ্রিস্টাব্দ

বিষয়: বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজের জনাব ফারুক আহমেদ, গ্রন্থাগারিক এর এমপিওভুক্তি।

সূত্র: পরিচালকের কার্যালয়, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল এর পত্র নং-মাউশি/বরি/২০২১/৪৫;
তারিখ: ০৮/০২/২০২১ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বরিশাল জেলার উজিরপুর উপজেলাধীন বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজের অধ্যক্ষ জনাব আবু নছর মোহাম্মদ নেছারউদ্দিন কর্তৃক দুর্নীতি এবং উৎকোচ গ্রহণের মাধ্যমে জনৈক ফারুক আহমেদকে গ্রন্থাগারিক পদে নিয়োগ দানের বিরুদ্ধে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য জনাব মোঃ কামরুজ্জামান, প্রতিষ্ঠাতা সদস্য অভিযোগ করেন।

জনাব মোঃ কামরুজ্জামান, প্রতিষ্ঠাতা সদস্য কর্তৃক অভিযোগের বিষয়ে তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়। তদন্ত কর্মকর্তা মতামত প্রদান করেন এবং সুপারিশ প্রদান করেন। তদন্ত কর্মকর্তার মতামত অনুযায়ী অধ্যক্ষের নিকট জবাব চাওয়া হয়। এছাড়া কলেজের গভর্নিং বডি সভাপতির নিকট মতামত চাওয়া হয়। মাউশির পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল ও সভাপতি, গভর্নিং বডি, বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজ মতামত প্রদান করেন এবং কলেজের অধ্যক্ষ জবাব প্রেরণ করেন।

এমতাবস্থায়, তদন্ত কর্মকর্তার মতামত, উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল এর মতামত এবং অধ্যক্ষের জবাবের প্রেক্ষিতে জনাব ফারুক আহমেদকে, গ্রন্থাগারিক পদে বিধি মোতাবেক অনলাইনে এমপিওভুক্তির কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

স্বাক্ষর ০৪.০৪.২০২১
মো. আবদুল কাদের
সহকারী পরিচালক (কলেজ-৩)
ফোন: ৯৫৫৬০৫৭
Email: ncollege@dshe.gov.bd

অধ্যক্ষ

বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজ
উজিরপুর, বরিশাল

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থেঃ

- ১। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, বরিশাল অঞ্চল, বরিশাল
- ২। উপজেলা নির্বাহী অফিসার, উজিরপুর, বরিশাল ও সভাপতি, গভর্নিং বডি, বড়াকোঠা ইউনিয়ন ডিগ্রি কলেজ, উজিরপুর, বরিশাল
- ৩। সংরক্ষণ নথি।